

ওষুধ সেবন করার সহজ পদ্ধতি



টিবি সংক্রমণ-এর চিকিৎসা চলাকালীন কখনও-কখনও ওষুধের কারণে কিছু সমস্যা অনুভূত হতে পারে, যেমন:



এই সকল পার্শ্বপ্রতিক্রিয়াগুলি চিকিৎসাযোগ্য তাই কোনোরকম অবহেলা না করে সময়মত ওষুধ সেবন করতে থাকুন এবং ওষুধের কোর্সটি সম্পূর্ণ করুন।

টিবি হওয়ার পূর্বেই তাকে পরাস্ত করুন

প্রস্তাবিত সবকটি ওষুধ সেবন করুন এবং তার কোর্স সম্পূর্ণ করুন।


আপনার ওষুধগুলি প্রতিদিন একই সময়ে সেবন করুন।

পরিবারের যে কোনো সদস্য বা বন্ধুকে বলে রাখুন যে তিনি যেন আপনাকে প্রতিদিন আপনার ওষুধ খাওয়ার কথা মনে করিয়ে দেন।

প্রাতঃরাশ বা দুপুরের আহার, বা দুপুর এবং রাতের আহারের মধ্যবর্তী সময়ে ওষুধ সেবন করুন। মদ্যপান এবং তামাক সেবনের ফলে চিকিৎসায় সমস্যা সৃষ্টি হতে পারে। এগুলি করা থেকে বিরত থাকুন।

প্রোজেক্ট জিত

জিত প্রকল্পটি হল টিবি-কে সম্পূর্ণরূপে নির্মূল করার একটি যৌথ প্রচেষ্টা। আমাদের উদ্দেশ্য হল প্রতিটি টিবি রোগীর চিকিৎসা সম্পূর্ণ না হওয়া পর্যন্ত তারা যেন সঠিক তথ্য, পরীক্ষা, চিকিৎসা এবং পরামর্শ পান। জিত-এর অধীনে, বর্তমানে টিবি রোগীদের দেখাশোনার সাথে, তাদের পরিবারকেও টিবি রোগ থেকে রক্ষা করার প্রচেষ্টা করা হচ্ছে। টিবি সংক্রমণ-এর বিষয়ে সচেতনতা বাড়িয়ে, এবং সঠিক সময়ে টিবি সংক্রমণ-এর চিকিৎসা করিয়ে, টিবি হওয়ার পূর্বেই সেটিকে প্রতিহত করা যেতে পারে। জিত প্রকল্পটি, সরকারের সহযোগিতায়, সমগ্র দেশের প্রতিটি কোণায় পৌঁছে টিবি এবং টিবি সংক্রমণ-এর তথ্য, পরীক্ষা এবং চিকিৎসায় লক্ষ লক্ষ পরিবারের সহায়তায় কর্মরত।



আপনার ওষুধগুলিকে শীতল এবং শুকনো জায়গায় সযত্নে রাখুন। যখন আপনি ওষুধ খাবেন শুধুমাত্র তখনই ওষুধ বার করবেন।

কিছু পার্শ্বপ্রতিক্রিয়া হতে পারে। যদি হয় তাহলে আপনার চিকিৎসক বা নার্সকে সেই বিষয়ে জানান।

সবসময় সুস্থম আহার করার চেষ্টা করুন।

নিজেকে, এবং নিজের পরিবারকে টিবি-এর থেকে সুরক্ষিত রাখুন

প্রোজেক্ট জিত প্রতিনিধি: _____

যোগাযোগের নং: _____



Joint Effort for Elimination of Tuberculosis

টিউবারকুলোসিস (টিবি)


টিবি হল একটি সংক্রামক রোগ যা আক্রান্ত রোগীর কাশি বা হাঁচির মাধ্যমে ছড়াতে পারে।

যদি শ্বাসের মাধ্যমে টিবি-এর জীবাণু শরীরে প্রবেশ করে তাহলে

যদি আপনি টিবি ব্যাকটেরিয়া আপনার শ্বাসের মধ্যে নিয়ে নেন



আপনার শরীর টিবি-এর জীবাণুগুলিকে মেরে ফেলে যাতে তা এখন বা ভবিষ্যতে আপনার ক্ষতি না করতে পারে, বা



টিবি-এর জীবাণু আপনাকে অসুস্থ করে তুলতে পারে বা একে অ্যাঙ্কিভ টিবি বলা হয়



টিবি-এর জীবাণু আপনার শরীরে প্রবেশ করে। কিন্তু নিষ্ক্রিয় অবস্থায় থাকে - একে টিবি সংক্রমণ বলা হয়

অ্যাঙ্কিভ টিবি

যদি আপনার বা আপনার পরিবারের অন্য কোনো সদস্যের নিম্নলিখিত লক্ষণগুলি দেখা যায়



কাশি, জ্বর



রাত্রে ঘাম হওয়া



বিনা কারণে ওজন কমে যাওয়া, শিশুদের ওজন বৃদ্ধি না হওয়া



খিদে না পাওয়া

তাহলে অবিলম্বে চিকিৎসকের পরামর্শ নিন

টিবি সংক্রমণ

টিবি সংক্রমণ এইরকম একটি অবস্থা যাতে টিবি-এর জীবাণু শরীরে থাকে, কিন্তু সুস্থ শরীরের রোগ প্রতিরোধক শক্তির কারণে সেটি ঘুমন্ত বা নিষ্ক্রিয় অবস্থায় থাকে। ভবিষ্যতে যে কোনো কারণবশতঃ রোগ প্রতিরোধক শক্তি দুর্বল হয়ে পড়লে এই জীবাণু শরীরের মধ্যে সক্রিয় হয়ে ব্যক্তিকে অসুস্থ করে দিতে পারে।

ভয় পাবেন না। টিবি সংক্রমণ-এর চিকিৎসা করান, এটিকে টিবি-তে পরিবর্তিত হওয়া থেকে প্রতিহত করা সম্ভব।

রোগ প্রতিরোধক ক্ষমতা কম হওয়ার কারণ, নিম্নলিখিত অবস্থায় টিবি সংক্রমণ, সক্রিয় টিবি-তে পরিবর্তিত হয়ে ব্যক্তিকে অসুস্থ করে তুলতে বেশী সক্ষম হয়:



যদি আপনি বা আপনার প্রিয়জন টিবি সংক্রামিত ব্যক্তির সংস্পর্শে আসেন, তাহলে আপনার এবং তাদেরও টিবি হওয়ার সম্ভাবনার সৃষ্টি হয়।

টিবি সংক্রমণ-এর পরীক্ষা


যদি আপনার টিবি সংক্রমণ হয়ে থাকে।



আপনি অসুস্থ নন



আপনার টিবি রোগের কোনো লক্ষণ নেই



আপনার দ্বারা অন্য কোনো ব্যক্তি টিবি সংক্রামিত হবে না

কিন্তু আপনার টিবি হওয়ার সম্ভাবনা রয়েছে

রক্ত বা ত্বকের পরীক্ষা করে চিকিৎসক টিবি সংক্রমণ-এর পরীক্ষা করতে পারেন।



ওষুধের কোর্সের মাধ্যমে টিবি সংক্রমণকে টিবি রোগে রূপান্তরিত হওয়া থেকে আটকানো যায়।

টিবি সংক্রমণ-এর চিকিৎসা:



চিকিৎসার মেয়াদ 6 মাস পর্যন্ত

টিবি সংক্রমণ-এর চিকিৎসা করিয়ে নিজের এবং নিজের প্রিয়জনদের ভবিষ্যতকে টিবি মুক্ত করুন!